ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৯৮৬

সাব্রুম, ২ জুন, ২০২৫

**সাব্রুমে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ক সভা অনুষ্ঠিত**

গতকাল সাব্রুম মহকুমা প্রশাসনের উদ্যোগে সাব্রুম নগর পঞ্চায়েতের কনফারেন্স হলে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিধায়ক মাইলাফ্রু মগ। এছাড়া সভায় উপস্থিত ছিলেন সাব্রুম মহকুমার মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের এমডিসি কঙজঙ মগ, সাব্রুম নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন দীপক দাস, সাতচাঁদ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রভাস লোধ, প্রাক্তন বিধায়ক শংকর রায়, পোয়াংবাড়ি ব্লকের বিডিও তন্ময় দেবনাথ, রূপাইছড়ি ব্লকের অ্যাডিশনাল বিডিও টিটু দেববর্মা, সাব্রুম মহকুমা প্রশাসনের ডিসিএম রতন দাস, ডিসিএম মনোজ প্রভাকর পাল, ডিসিএম অরণ্যজয় চাকমা, ডিসিএম জয়শংকর দাস, ডিসিএম মনোজিৎ দেববর্মা, সাব্রুম বন আধিকারিক সিদ্ধার্থ দেববর্মা প্রমুখ। মহকুমায় কোন ধরণের প্রাকৃতিক দুর্যোগের পরিস্থিতি সৃষ্টি হলে তা মোকাবিলায় কি কি করণীয় তা নিয়ে সভায় বিশদ আলোচনা হয়। পাশাপাশি প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় সংশ্লিষ্ট দপ্তরকে তৈরি থাকার বিষয়েও গুরুত্বারোপ করা হয়। সভা শেষে আধিকারিকগণ সাব্রুম মহকুমার বিভিন্ন বন্যা উপদ্রুত স্থানগুলি পরিদর্শন করেন।

*******